তারিখ 23 SEP 1992
পৃষ্ঠা ৬ কলাম ২

আজকের কাগজ

135

# নিকলী থানায় প্রাথমিক শিক্ষা চরমভাবে ব্যাহত

প্রয়োজনীয় আসবাবপত্রের অভাব ও শিক্ষক-শিক্ষিকাদের গাফিলতি ও অবহেলার কারণে নিকলী থানার প্রাথমিক শিক্ষা চরমভাবে ব্যাহত হচ্ছে। নিকলী থানায় সরকারি প্রাথমিক বিদ্যালয় ৩৮টি এবং বেসরকারি ১৫টি। প্রাথমিক বিদ্যালয়ে শিক্ষা বাধ্যতামূলক করা হয়েছে কিন্তু বিদ্যালয়গুলোর সমস্যা সমাধানের কোনো প্রকার ব্যবস্থা নেয়া হয়নি। প্রায় ৮০ ভাগ প্রাথমিক বিদ্যালয়ের কোনো চেয়ার, টেবিল, বেঞ্চ ও ব্ল্যাকবোর্ড নেই। অধিকাংশ প্রাথমিক বিদ্যালয়ে বিশুদ্ধ খাবার পানির কোনো প্রকার ব্যবস্থা নেই। পল্লী গ্রামের এসব বিদ্যালয়ে শুধু বইয়ের পাতা মুখস্থ ছাড়া অন্য কোনো প্রকার বিনোদনমূলক শিক্ষার সুযোগ নেই। অধিকাংশ বিদ্যালয়ে খেলাধুলার কোনো মাঠ নেই। অনেকদিন যাবৎ কয়েকটি প্রাথমিক বিদ্যালয়ে শিক্ষকের পদ শূন্য থাকার ফলে ছাত্র-ছাত্রীদের পাঠদান মারাত্মকভাবে ব্যাহত হচ্ছে। অনেক শিক্ষকের বিরুদ্ধে দায়িত্বে অবহেলার অভিযোগ রয়েছে। এ ব্যাপারে উর্ধ্বতন কর্তৃপক্ষের আশু সুদৃষ্টি প্রয়োজন। অন্যথায় সরকার ঘোষিত প্রাথমিক শিক্ষার সুফল থেকে এলাকাবাসী ক্রমাগত বঞ্চিত হবে। নিকলী থেকে আবু জামান খোকন।